

বিশ্ব যুব দক্ষতা দিবস (World Youth Skills Day-WYSD)

জাতিসংঘের সাধারণ পরিষদ ২০১৪ সালে একটি রেজুলেশনের (A/RES/69/145) মাধ্যমে ১৫ জুলাইকে বিশ্ব যুব দক্ষতা দিবস (World Youth Skills Day-WYSD) হিসেবে ঘোষণা করে। কর্মসংস্থান, সম্মানজনক কাজ ও উদ্যোক্তা হিসেবে দক্ষতার সাথে তরুণদের গড়ে তোলার লক্ষ্যে কৌশলগত গুরুত্বারোপ করার জন্য দিবসটি বিশ্বব্যাপী উদযাপন করা হয়। সেই থেকে বিশ্ব যুব দক্ষতা দিবসটি তরুণদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ (Technical & Vocational Education and Training (TVET) প্রতিষ্ঠান, বিভিন্ন প্রতিষ্ঠান, নিয়োগকর্তা ও শ্রমিক সংগঠন, নীতি-নির্ধারক ও উন্নয়ন সহযোগীদের মধ্যে সংলাপ ও তথ্য বিনিময় একটি অনন্য সুযোগ প্রদান করেছে।

বিশ্ব যুব দক্ষতা দিবস-২০২২ কোভিড-১৯ মহামারী পরবর্তী অবস্থা থেকে আর্থ-সামাজিক পুনরুদ্ধারের জন্য সমন্বিত প্রচেষ্টার মধ্যে সংঘটিত হয়, যা জলবায়ু পরিবর্তন, সংঘাত, অব্যাহত দারিদ্র্য, ক্রমবর্ধমান



বৈষম্য, দ্রুত প্রযুক্তিগত পরিবর্তন, জনসংখ্যাগত পরিবর্তন প্রভৃতির মতো অন্যান্য চ্যালেঞ্জগুলোর সাথে পরস্পর সম্পর্কিত। অল্পবয়সী মেয়ে, প্রতিবন্ধী ও দরিদ্র পরিবারের যুবক এবং গ্রামীণ সম্প্রদায়, আদিবাসী ও সংখ্যালঘু গোষ্ঠীসহ অব্যাহত সংঘাত ও রাজনৈতিক অস্থিতিশীলতার শিকার মানুষগুলো বিভিন্ন কারণের আর্থ-সামাজিক পুনরুদ্ধারের জন্য সমন্বিত প্রচেষ্টার অংশীদারিত্ব থেকে বাদ পড়েছে। তাছাড়া সঙ্কটটি এমন কয়েকটি পরিবর্তনকে ত্বরান্বিত করেছে, যা মহামারী কাটিয়ে ওঠার পরে প্রয়োজনীয় দক্ষতা ও সক্ষমতার বিষয়ে অনিশ্চয়তা তৈরি করেছে। বিদ্যালয়গামী নয় কিংবা কর্মসংস্থান, শিক্ষা বা প্রশিক্ষণে নেই (not in employment, education, or training (NEET) এমন যুবকদের কাজের জগতে প্রবেশের বাধাসমূহ হ্রাস করে, অর্জিত দক্ষতাগুলো স্বীকৃতি ও প্রত্যয়ন নিশ্চিত করে এবং বাইরের জন্য দক্ষতা বিকাশের সুযোগ প্রদান করার লক্ষ্যে জাতিসংঘ ও এর অজ্ঞা সংগঠনগুলো যেমন- UNESCO-UNEVOC প্রভৃতি প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে। ২০৩০ এজেন্ডা বাস্তবায়নের এই দশকে বৈশ্বিক চ্যালেঞ্জগুলো মোকাবেলায় এবং ইতিবাচক পরিবর্তন ও উদ্ভাবনে সহায়তা করতে প্রক্রিয়াগুলোতে যুবকদের পূর্ণ সম্পৃক্ততা অত্যাবশ্যক।



২০২২ সালের বিশ্ব যুব দক্ষতা দিবসের মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে ‘Transforming youth skills for the future’ অর্থাৎ ‘ভবিষ্যতের জন্য যুব দক্ষতার রূপান্তর’। বিশ্ব যুব দক্ষতা দিবস-২০২২ উদযাপন আসন্ন ট্রান্সফর্মিং এডুকেশন সামিট (Transforming Education Summit)-এর উপর চলমান ফোকাসকে হাইলাইট করবে এবং ‘জীবন, কাজ এবং টেকসই উন্নয়নের জন্য শেখা ও দক্ষতা’ (Learning and skills for life, work, and sustainable development) এই থিমকে সামনে রেখে কাজ করাতে অবদান রাখবে। শীর্ষ সম্মেলনটি একটি যুব-অনুপ্রাণিত বৈশ্বিক ইভেন্ট, যা লক্ষ লক্ষ তরুণদের ভবিষ্যতের জন্য প্রধান গুরুত্বপূর্ণ; এটি তরুণদের দ্বারা, তরুণদের সাথে এবং তরুণদের জন্য প্রস্তুত করা হয়। ২০২২ সালে দিবসটি উদযাপনের জন্য ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় দক্ষতার ক্ষেত্রে TVET তরুণদের মনোভাব ভালোভাবে বুঝতে পারা এবং ভবিষ্যতের জন্য যুবকদের দক্ষতা পরিবর্তন করতে সহায়তা করার জন্য UNEVOC কেন্দ্র, স্থানীয় ও আঞ্চলিক অংশীদারদের সাথে একটি সিম্পোজিয়ামে একাধিক প্রোগ্রাম ও ভার্সুয়াল ইভেন্টের আয়োজন করে। অনুষ্ঠানে TVET যাতে চাহিদা-চালিত ও ভবিষ্যত-কেন্দ্রিক হয়, তা নিশ্চিত করার জন্য প্রতিষ্ঠানগুলোর মুখোমুখি হওয়া চ্যালেঞ্জসমূহ এবং এর সম্ভাব্য সমাধানগুলোর উপর আলোকপাত করা হয়। এবারের এই বৈশ্বিক ইভেন্টটি জাতিসংঘে পর্তুগাল ও শ্রীলঙ্কার স্থায়ী মিশন দ্বারা, ইউনেস্কো (UNESCO), আইএলও (ILO) এবং জাতিসংঘের যুব বিষয়ক অফিসের সাথে যৌথভাবে আয়োজন করা হয়। এটি যুবক সম্প্রদায়, বিভিন্ন দেশের সরকার, জাতিসংঘের সহযোগী সংস্থাসমূহ, বেসরকারি সেক্টর ও সুশীল সমাজের প্রতিনিধিদের একত্রিত হয়ে সারাবিশ্বে যুব সমাজের উপর বর্তমান সংকটের প্রভাব বিশ্লেষণ করা হয় এবং কীভাবে তরুণরা দ্রুত পরিবর্তনশীল বিশ্বের চাহিদার সাথে খাপ খাইয়ে নিতে পারে তা নিয়ে আলোচনা করা হয়।

[লেখক: মনির আহমেদ, সহকারী অধ্যাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিএএফ শাহীন কলেজ ঢাকা, তারিখ ৫ জুলাই-২০২২]

তথ্যসূত্র:

- <https://www.un.org>
- <https://unevoc.unesco.org>